



# চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়

শহীদ আবুল কাশেম সড়ক, চুয়াডাঙ্গা। ফোনঃ ০২৪৭৭৭৮৭৮৮১

Web: www.chuadangapourashava.org, E-mail: chuadangapourasava@lgd.gov.bd



“শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি”

স্মারক নং- চুয়াঃ পৌঃ/২০২২/৩৫৫৭

তারিখ-০২/১১/২০২২খ্রিঃ।

বরাবর,

সিনিয়র সচিব

স্থানীয় সরকার বিভাগ

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

দৃষ্টি আকর্ষণঃ উপ-সচিব, পৌর-১ শাখা, স্থানীয় সরকার বিভাগ, ঢাকা।


**বিষয়ঃ চুয়াডাঙ্গা পৌরসভার উপ-সহকারী প্রকৌশলী (সিভিল) জনাব মোঃ মিজানুর রহমান এর চাকুরী হতে স্বেচ্ছায় ইস্তফা প্রদান প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের পেক্ষিতে আপনার সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, পৌর-০১ শাখায় গত ০১ নভেম্বর ২০২০ খ্রিঃ তারিখের স্মারক নং-৮৬.০০.০০০.০৬৩.১১.০০১.১৩-৮৭৪ এর অফিস আদেশ মোতাবেক বিগত ০৩ নভেম্বর ২০২০ খ্রিঃ পূর্বাঙ্কে মোঃ মিজানুর রহমান, উপ-সহকারী প্রকৌশলী (সিভিল) পদে চুয়াডাঙ্গা পৌরসভায় যোগদান করেন। তিনি ০২ নভেম্বর ২০২২ খ্রিঃ একখানা আবেদনপত্র দাখিল করেন। উক্ত আবেদনে তিনি আগামী ১৩ ফেব্রুয়ারী ২০২৩ খ্রিঃ তারিখে অপরাহ্ন হতে পারিবারিক ও ব্যক্তিগত বিশেষ কারনে চাকুরী হতে স্বেচ্ছায়, স্বজ্ঞানে ইস্তফা প্রদানের অভিপ্রায় ব্যক্ত করেছেন।

এমতাবস্থায়, তার স্ব-ব্যাখ্যায়িত ইস্তফা প্রদানপত্রটি গ্রহণ করার নিমিত্তে আপনার বরাবর অগ্রগামী করা হলো।

**সংযুক্তি :**

১.সংশ্লিষ্ট কর্মকর্তার ইস্তফা প্রদানপত্র ০১ (এক) ফর্দ

  
(জাহাঙ্গীর আলম মালিক)  
মেয়র  
চুয়াডাঙ্গা পৌরসভা।

চুয়াডাঙ্গা পৌরসভা  
সচিবালয়  
২১/১১/২২  
০৬৬৪  
২১/১১/২২  
বরাবর  
সিনিয়র সচিব  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
দৃষ্টি আকর্ষণঃ উপ-সচিব, পৌর-১ শাখা, স্থানীয় সরকার বিভাগ  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

H/A  
০২/১১/২২  
এই পত্র চুয়াডাঙ্গা জরিপ  
পৌর নির্বাহী কর্মকর্তা  
চুয়াডাঙ্গা পৌরসভা।

মাধ্যমঃ মেয়র, চুয়াডাঙ্গা পৌরসভা, জেলা-চুয়াডাঙ্গা।

বিষয়ঃ চাকুরী হতে স্বেচ্ছায় ইস্তফা প্রদান প্রসঙ্গে।

মহোদয়,

যথাবিহীত সম্মান পূর্বক বিনীত নিবেদন এই যে, আমি নিম্ন স্বাক্ষরকারী স্থানীয় সরকার বিভাগ পৌর-০১ শাখায় ০১ নভেম্বর ২০২০ খ্রিঃ তারিখের স্মারক নং-৮৬.০০.০০০.০৬৩.১১.০০১.১৩-৮৭৪ এর অফিস আদেশ মোতাবেক বিগত ০৩ নভেম্বর ২০২০ খ্রিঃ উপ-সহকারী প্রকৌশলী (সিভিল) পদে চুয়াডাঙ্গা পৌরসভায় যোগদান করি। আমার পারিবারিক ও ব্যক্তিগত বিশেষ কারনে আমি আমার উপ-সহকারী প্রকৌশলী (সিভিল) পদে চাকুরী হতে স্বেচ্ছায়, স্বজ্ঞানে আগামী ১৩ ফেব্রুয়ারী ২০২৩ খ্রিঃ তারিখ অপরাহ্ন হতে ইস্তফা প্রদানের মনস্থির করেছি।

অতএব মহোদয় সমীপে বিনীত আবেদন উপরোক্ত তথ্য মোতাবেক আমার অসুবিধার কথা বিবেচনা করে আমাকে আগামী ১৩ ফেব্রুয়ারী ২০২৩ খ্রিঃ তারিখে চাকুরী হতে ইস্তফা প্রদানে আপনার সদয় মর্জি হয়।

তারিখঃ ০২ নভেম্বর ২০২২ খ্রিঃ

বিনীতনিবেদক  
০২/১১/২০২২  
(মোঃ মিজানুর রহমান)  
উপ-সহকারী প্রকৌশলী  
চুয়াডাঙ্গা পৌরসভা  
চুয়াডাঙ্গা।